

শাফিন রাশেদের ত্রয়ীপ্রেম

স্বপ্নযাত্রা

স্বপ্নের কার্নিশে বেড়ে ওঠা লকলকে লতাটির নাম কবিতা
নিরন্তর স্বপ্নযাত্রার স্পর্ধিত উন্মেষ কবিতা
কবিতা বাজুক আজ জীবনের অন্তঃপুরে
কবিতা বাজুক আজ আগামীর অংকুরে ।

হাসিতে উদ্ভাস একটি শিশুকে ঘিরে মায়ের যে স্বপ্নবুনন
আমি তা কবিতায় সাজাবো
রঙিন একটি ঘুড়িকে দেখে কোন বালক যে স্বপ্ন উড়ায়
তোমাদের দেব তার নিপুণ অনুবাদ
নষ্ট স্বপ্ন কষ্ট স্বপ্ন ভ্রষ্ট স্বপ্নের বদলে
আমি তোমাদের দেব একবিংশ শতকের সবুজসব স্বপ্ন
কবিতা বাজুক আজ জীবনের অন্তঃপুরে ।

যে স্বপ্নহীন, সেতো মরে যায় প্রতিদিন
যে স্বপ্নহীন, উড্ডীন পাখিকে সে কখনো বোঝে না
যে স্বপ্নহীন, সকালের সূর্যকে সে কখনো ভাবে না
যে স্বপ্নহীন, অথই পূর্ণিমার ভরা চাঁদ তাকে কখনো ডকে না
যে স্বপ্নহীন, প্রজাপতির অবাধ নাচন সে কখনো দেখে না
যে স্বপ্নহীন, পাহাড়ের ঢালের বিপরীতে সে কখনো হাঁটে না
স্বপ্নহীনতার অলৌকিক শুষ্কতার নাম কবিতা
কবিতা হাঁটুক আজ জীবনের অন্তঃপুরে ।

কর্ষিত জমিনের ধূসর অবয়বে কৃষক যে স্বপ্নকে খোঁজে
আমি তা কবিতায় সাজাবো
কারখানার ঘূর্ণিত চাকার ওপাশে শমিক যে আগামীকে দেখে
আমি তোমাদের দেব তার সঠিক অনুবাদ
নীল স্বপ্ন নয়, হলুদ অচল স্বপ্ন নয়
আমি তোমাদের দেব অনাগত শতকের যৌবনদীপ্ত স্বপ্নসব
কবিতা বাজুক আজ জীবনের অন্তঃপুরে ।

প্রতিরোধের একান্তরের প্রতিটি স্বপ্নসকাল কবিতা
অনিশ্চয়তার বাঁকে বাঁকে হঠাৎ স্বপ্নপূরণ কবিতা
কবিতা বাজুক আজ জীবনের অন্তঃপুরে
কবিতা বাজুক আজ আগামীর অংকুরে ।

ফেরা

যে ফিরে আসে না, সে কি চলে যায় ?
অনেকে হয়তো যায়, সবাই না ।

জীবনানন্দ ফেরেনি, সে কি চলে গেছে ?
কর্ম-বৃক্ষ কেউ কেউ রেখে যায়
যে বৃক্ষের ছায়া নেয় মানুষেরা, বহুকাল
ভালবাসার নম্র উত্তাপ কেউ কেউ জ্বলে যায়
যে উত্তাপে আঁচ নেয় সমূহ প্রেমিক, সহস্র বছর
মানব-কল্যাণ-বাণী কেউ কেউ বলে যায়
যে বাণী পথের নির্দেশ দেয়, আগামী আঁধারে ।

অনেকে হয়তো যায়, সবাই না
কেউ কেউ ফিরে ফিরে আসে, আমাদের পাশে ।

কোথাও কিছু নেই

কেউ কিছু বলে না এখন, শুধু মেনে নেয়
ভালবাসার কথা বলে না
ঘৃণার কথা বলে না
মিছিলের মুষ্টিবদ্ধ হাতের কথা বলে না
সাহস প্রকাশের সাহসের কথা বলে না
শুধু মেনে নেয় অথবা জাবর কেটে কেটে খায় ।

কোথাও কোন প্রতিবাদ দেখি না
স্বপ্নের কোন স্ফুরণ দেখি না
কিছু মুখস্থ মানুষ দেখি
কতিপয় মুখস্থ জীবন দেখি
অন্ধকারের অর্থ দেখি, বিবিধ ভোগ দেখি
আর দেখি জাবর কেটে কেটে খাওয়া ।

সব পথে আজ সংকেতের লাল ছায়া
ঘুরে দাঁড়াবার এখন শেষ সময় ।